21810 - ভাই-বোন, চাচা-ফুফু ও অন্য সব আত্মীয়-স্বজনকে যাকাত দেয়ার হুকুম

প্রশ্ন

এক ভাই তার অস্বচ্ছল ভাইকে (পরিবার আছে, কিন্তু তার আয় দিয়ে চলে না) যাকাত দেওয়া কি জায়েয আছে? অনুরূপভাবে দরিদ্র চাচাকে যাকাত দেয়া কি জায়েয হবে? অনুরূপভাবে কোন নারী কি তার যাকাতের মাল তার ভাইকে, ফুফুকে কিংবা বোনকে দিতে পারবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কোন নর বা নারী কর্তৃক যাকাতের মাল তার দরিদ্র ভাই, বোন, চাচা, ফুফুসহ সকল দরিদ্র আত্মীয়-স্বজনকে দিতে কোন আপত্তি নেই। যেহেতু এ সংক্রান্ত দলিলগুলো সাধারণ। বরং তাদেরকে যাকাত দেওয়া হলে সেটা সদকা ও আত্মীয়তার হক আদায়। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "মিসকীনকে যাকাত দেওয়া সদকা। আর আত্মীয়কে দেওয়া সদকা ও আত্মীয়তার হক আদায়"।[মুসনাদে আহমাদ (১৫৭৯৪) ও সুনানে নাসাঈ (২৫৮২)] তবে পিতা ও মাতা ব্যতীত; তাঁদের বংশীয় স্তর যত ঊর্ধ্বে হোক না কেন (অর্থাৎ দাদা, পরদাদা...নানা, পর নানা...দাদী, পরদাদী...নানী...পর নানী)। এবং ছেলে ও মেয়ে সন্তান ব্যতীত; তাদের বংশীয় স্তর যত নিম্নে হোক না কেন (অর্থাৎ পৌত্র, প্রপৌত্র ...)। এরা গরীব হলেও এদেরকে যাকাতের মাল দেওয়া যাবে না; বরং সামর্থ্য থাকলে তাদের খরচ চালানো আবশ্যকীয়; যদি তাদের খরচ চালানোর মত সে ছাড়া অন্য কেউ না থাকে।